দৈনিক বাংলা

তারিখ ১২।১।৮১
পৃষ্ঠা ১ কলাম ২

089

405

# ঢাকায় সুষম শিক্ষা চালুর উদ্যোগ নিয়েছি : মেয়র

চীফ হুইপ এবং ঢাকার মেয়র জনাব আবুল হাসনাত রোববার সকালে ঢাকায় নতুন জুরাইন উচ্চ-বিদ্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। বিদ্যালয়ের ব্যবস্থাপনা পরিষদের সভাপতি জনাব শফিকুল কবীরের সভাপতিত্বে অনুষ্ঠিত ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে গণপূর্ত ও নগর উন্নয়ন বিষয়ক প্রতিমন্ত্রী ডাঃ ফজলুল করিম, মহানগরী বি-এনপি-র যুগ্মসম্পাদক জনাব লুৎফর রহমান, পৌর কমিশনার জনাব আর কে চৌধুরী প্রমুখ বক্তৃতা করেন।

মহানগরীতে সুষম শিক্ষা ব্যবস্থার উপর আলোকপাত করে মেয়র হাসনাত বলেন যে আমরা যদি এই মুহূর্ত থেকেই প্রতিটি ছাত্রছাত্রীর জন্যে একই মানের শিক্ষা ব্যবস্থার সুযোগ না করে দিতে পারি তাহলে ভবিষ্যৎ আমাদের ক্ষমা করবে না। সমাজে সুবিধাভোগী বিত্তবানদের সন্তানরাই কেবল সীমিত সংখ্যক

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## মেয়র

(প্রথম পৃঃ পর)

ভালো বিদ্যালয়ে পড়াশুনার সুযোগ পাবে এবং সাধারণ মানুষের সন্তান সন্ততিরা ন্যূনতম শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হবে—এই ব্যবস্থার নিরসন কল্পেই আমরা ঢাকা মহানগরীতে সুষম ও ভাবসাম্যপূর্ণ শিক্ষাব্যবস্থা বা কাঠামো প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছি।

জনাব আবুল হাসনাত জুরাইন এলাকার রাস্তাঘাট, বিদ্যুৎ ও পানি সমস্যা সমাধানের বিভিন্ন দিকের উপরও আলোকপাত করেন।